# ইসলামিক ফাউন্ডেশন

[প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান]
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

বিষয় ঃ **২৩/০১/২০২০ খ্রি. তারিখ অনুষ্ঠিত ১৪৫তম ইসলামিক ফাউন্ডেশনের সমন্বয় সভার কার্যবিবরণী:**

সভাপতি : জনাব মু: আ: হামিদ জমাদ্দার, মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), ইসলামিক ফাউন্ডেশন ও অতিরিক্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
সভার স্থান : ইসলামিক ফাউন্ডেশন প্রধান কার্যালয়ের ২য় তলার সভাকক্ষ
সভার তারিখ ও সময় : ২৩/০১/২০২০ খ্রি. সকাল ১০ : ৩০ টা
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক চলতি অর্থ বছরে গৃহিত কার্যক্রমের বাস্তবায়ন ও অগ্রগতি বিষয়ে ইসলামিক ফাউন্ডেশনের পরিচালক/প্রকল্প পরিচালদের সাথে এক সমন্বয় সভা ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক-এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপ :

| ক্রম | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | প্রশাসন বিভাগ : | (১) ইসলামিক ফাউন্ডেশন আগারগাঁওস্থ কমপ্লেক্সের বর্তমান সীমানা প্রাচীরের ৩ দিকের দেয়াল ও গ্রীল মেরামত ও রঙ করা; (২) আগারগাঁওস্থ প্রশাসনিক ভবন ও ইমাম প্রশিক্ষণ একাডেমি ভবনের বাহিরের দিকের দেয়ালের উপর স্থাপিত সিরামিক ব্রিক খসে পড়ার পরিবর্তন; (৩) ৬ স্টপ বিশিষ্ট লিফটি পরিবর্তন করে নতুন লিফট স্থাপন; (৪) ইসলামিক ফাউন্ডেশনের আওতায় আগারগাঁওস্থ এবং বায়তুল মুকাররম কমপ্লেক্স ডিজিটাল হাজিরার ব্যবস্থা চালু করা; (৫) আগামী ১ বছরের জন্য ইসলামিক ফাউন্ডেশ আগারগাঁওস্থ কার্যালয়ে স্যানিটারী ও সুইপিং মালামালসহ পরিষ্কার-পরিচ্ছন্নতার কাজের বরাদ্দ বৃদ্ধি পাওয়ায় তা বাজেট বৃদ্ধি করা; (৬) আগারগাঁওস্থ কমপ্লেক্সের অভ্যন্তরের সকল ময়লা রাবিশ অপসারণ করে প্রয়োজনীয় স্থানে ফুলের বাগান করা; (৭) আগারগাঁওস্থ কমপ্লেক্সে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের জন ক্যান্টিন চালু করা। | ২০১৯-২০২০ অর্থ বছরের বাজেট বরাদ্দ অনুসারে ক্রমিক নং ১ হতে ৬ এ বর্ণিত কাজের জন্য পৃথক পৃথক প্রাক্কলন তৈরি এবং দরপত্র বিজ্ঞপ্তি আহ্বান করার জন্য পৃথক পৃথক নথিতে উপস্থাপনের মাধ্যমে প্রয়োজনীয় কার্যক্রমের প্রশাসনিক অনুমোদন গ্রহণ করতে হবে।<br><br>(৭) আগারগাঁওস্থ কমপ্লেক্সে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের জন ক্যান্টিন চালু করার জন্য প্রশাসন বিভাগ হতে দরপত্র আহ্বান করার অনুমোদন নিয়ে ক্যান্টিন পরিচালনার জন্য ইজারাদার নির্বাচনের প্রচলিত বিধি-বিধান অনুসরণ করতে হবে। | সচিব, ইসলামিক ফাউন্ডেশন |
| ২. | ইমাম প্রশিক্ষণ একাডেমি | ইমাম প্রশিক্ষণ একাডেমির আওতায় বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রমের কম্পিউটার ল্যাব এবং ইমামদের সম্মানী বৃদ্ধির বিষয়ে আলোচনা। | (১) ইমাম প্রশিক্ষণে অংশগ্রহণকারী ইমামদের সম্মানী বৃদ্ধি করার বিষয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাধ্যমে প্রস্তাব প্রেরণ করতে হবে।<br>(২) কম্পিউটার প্রশিক্ষণের জন্য কম্পিউটার ল্যাব আরো আধুনিক করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(৩) আধুনিক/ সমসাময়িক বিষয়ে অভিজ্ঞ ও জ্ঞানসম্পন্ন প্রশিক্ষণের জন্য প্রশিক্ষক নির্ধারণ করতে হবে। | পরিচালক, ইমাম প্রশিক্ষণ একাডেমি। |
| ৩. | অর্থ ও হিসাব বিভাগ | (১) ইসলামিক ফাউন্ডেশন, ইমাম প্রশিক্ষণ একাডেমি, ইসলামিক মিশন, প্রকাশনা (রাজস্ব), ইসলামিক ফাউন্ডেশন প্রেস এবং আইসিটি সেল বিভাগের কর্মকর্তা- কর্মচারীদের নামে অসমন্বিত অগ্রিমের পরিমাণ ২,৬১,০৭,৬৮০/৬০ টাকা। এ বিষয়ে সরকারি নিরীক্ষায় আপত্তি উত্থাপিত হয়েছে এবং আপত্তিকৃত টাকা দ্রুত সমন্বয়/ ফেরত প্রদান করার জন্য প্রতিবেদনে সুপারিশ করা হয়।<br>(২) ইসলামিক ফাউন্ডেশন এবং বায়তুল মোকাররম | (১) অসমন্বিত অগ্রিম সমন্বয়ের বিষয়ে তালিকা অনুযায়ী অগ্রীম সমন্বয়ের তাগিদ পত্র দিতে হবে।<br><br>(২) ২০১৯-২০ অর্থ বছরের খাতওয়ারী বাজেট বরাদ্দকৃত অর্থ ব্যয়ের বিষয়ে | পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ |

Resolation 23.01.2020

| | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায় |
|---|---|---|---|---|
| | | মসজিদ-এর ২০১৯-২০ অর্থ বছরের খাতওয়ারী বাজেটে বরাদ্দকৃত অর্থ ৩০/০৬/২০২০ খ্রি. তারিখের মধ্যে ব্যয় করা।<br>(৩) পেনশন তহবিল : ইসলামিক ফাউন্ডেশন কর্মচারী (অবসর ভাতা ও সাধারণ ভবিষ্য তহবিল) প্রবিধানমালা ২০১৪-এর আলোকে ইসলামিক ফাউন্ডেশন ২০১৪ সাল থেকে পেনশন প্রথা চালু হয়েছে। উক্ত প্রবিধানমালার তহবিল গঠন সম্পর্কিত ৫.০ ধারায় ফাউন্ডেশন প্রেসের নিজস্ব বাৎসরিক আয় হতে ব্যয় নির্বাহের পর অবশিষ্ট অর্থ উক্ত তহবিলে স্থানান্তর করার বিষয়ে আলোচনা হয়।<br>(৪) প্রেসের ছাঁট কাগজ বিক্রিত অর্থের একটি অংশ কল্যাণ তহবিলে স্থানান্তর করার বিষয়ে খসড়া নীতিমালা রয়েছে এবং আর্থিক সাহায্য মঞ্জুরির লক্ষ্যে কল্যাণ তহবিল পরিচালনা পর্ষদের কার্যবিবরণীতে সিদ্ধান্ত রয়েছে। | বিধি মোতাবেক ব্যবস্থা দিতে হবে।<br>(৩) ও (৪) এ পেনশন ও প্রেসের ছাঁট কাগজ বিষয়ে নিম্নোক্ত কর্মকর্তাদের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হলো। কমিটি আগামী এক মাসের মধ্যে মহাপরিচালক বরাবর প্রতিবেদন দাখিল করবেন।<br>১. সচিব, ইসলামিক ফাউন্ডেশন<br>২. পরিচালক, অর্থ ও হিসাব<br>৩. পরিচালক, প্রকাশনা<br>৪. পরিচালক, মসজিদ ও মার্কেট<br>৫. প্রকল্প পরিচালক, প্রকাশনা প্রকল্প<br>৬. পরিচালক, প্রেস | |
| ৪. | সমন্বয় বিভাগ | (১) জাতীয় শিশু-কিশোর প্রতিযোগিতা ২০১৭, ২০১৮ ও ২০১৯ তিন বছরের পুরস্কার বিতরণ;<br>(২) জাতীয় শিশু-কিশোর প্রতিযোগিতা ২০১৯-২০ অর্থবছরে উপজেলা পর্যায় অনুষ্ঠান;<br>(৩) সন্ত্রাস-জঙ্গিবাদ প্রতিরোধে করণীয়/ প্রতিকার বিষয়ে সকল মসজিদে আলোচনা অব্যাহত রাখার জন্য ৬৪ জেলায় পত্র দেয়া হয়েছে। ৬৪ জেলা হতে প্রাপ্ত রিপোর্ট ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।<br>(৪) ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদযাপনের কর্মসূচি বাস্তবায়নের বাজেট বরাদ্দ চেয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে ০৩/১০/২০১৯ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে কোনো অগ্রগতি জানা যায়নি।<br>(৫) বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী উপলক্ষে লিফলেট, বুকলেট এবং ডকুমেন্টারী তৈরি।<br>(৬) সরকারী ব্যবস্থাপনায় হাজী সংগ্রহ। সরকারী ব্যবস্থাপনায় ২০২০ সালে ১৭১৯৮ জন হাজী সৌদি আরব প্রেরণ করা হবে। প্রধান কার্যালয়, বায়তুল মুকাররম এবং ৬৪ জেলা কার্যালয় হতে হাজী সংগ্রহের কার্যক্রমের জন্য ৬৪ জেলায় পত্র দেয়া হয়েছে। | জাতীয় শিশু-কিশোর প্রতিযোগিতা এবং জাতীয় ইমাম সম্মেলন পুরস্কার বিতরণী অনুষ্ঠান ২০১৭, ২০১৮, ২০১৯ মাননীয় প্রধানমন্ত্রীর ২২ মার্চ ২০২০ তারিখ সানুগ্রহ উপস্থিতি/ সম্মতির জন্য ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে ২টি বিষয়ে পুনরায় পত্র দিতে হবে।<br>(২) জাতীয় শিশু কিশোর প্রতিযোগিতা ২০১৯-২০২০ অর্থবছরে উপজেলা পর্যায় অনুষ্ঠান বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী অনুষ্ঠানের সাথে ২০ মার্চ ২০২০ হতে ৩০ মার্চ এর মধ্যে সুবিধাজনক সময়ে করতে হবে।<br>(৩) সন্ত্রাস-জঙ্গিবাদ প্রতিরোধে করণীয় বিষয়ে ৬৪ জেলায় সকল মসজিদে আলোচনার রিপোর্ট সংগ্রহের জন্য পুনরায় পত্র দিতে হবে।<br>(৪) ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদযাপনের কর্মসূচি বাস্তবায়নের বাজেট বরাদ্দ চেয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে পুনরায় পত্র প্রেরণ করতে হবে।<br>(৫) বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী উৎযাপন উপলক্ষে ইসলামিক ফাউন্ডেশনের কার্যক্রম ও দেশের সার্বিক উন্নয়ন সম্পর্কে বুকলেট, লিফলেট এবং ইসলামিক ফাউন্ডেশনের কার্যক্রম, বঙ্গবন্ধুর ইসলামের অবদানসহ জীবনীভিত্তিক ডকুমেন্টারী নিম্নোক্ত কর্মকর্তাদের সমন্বয়ে খসড়া প্রস্তুত করবেন।<br>১. পরিচালক, প্রকাশনা, সভাপতি<br>২. পরিচালক, সমন্বয়, সদস্য<br>৩. পরিচালক, মসজিদ ও মার্কেট, সদস্য<br>৪. প্রকল্প পরিচালক, ইফা লাইব্রেরী, সদস্য<br>৫. প্রকল্প পরিচালক, প্রকাশনা উন্নয়ন প্রকল্প, সদস্য | পরিচালক, সমন্বয় বিভাগ ও পরিচালক, ইমাম প্রশিক্ষণ একাডেমি। |

| বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | | ৬. সহকারী পরিচালক, স্টুডিও, সদস্য<br>৭. সহকারী সম্পাদক, প্রকাশনা, সদস্য<br>৮. সম্পাদক, প্রকাশনা বিভাগ, সদস্য সচিব<br>(৬) সরকারী ব্যবস্থাপনায় ২০২০ সালে ১৭১৯৮ জন হাজী সংগ্রহের জন্য প্রধান কার্যালয়, বায়তুল মুকাররম এবং ৬৪ জেলা কার্যালয়ে অগ্রগতি রিপোর্ট প্রেরণের জন্য পত্র দিতে হবে। সেই সাথে সমন্বয় বিভাগ থেকে কার্যক্রম মনিটরিং করতে হবে। | |
| ৫. প্রকাশনা বিভাগ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী 'মুজিব শতবর্ষ' উদ্‌যাপন উপলক্ষে প্রকাশনা বিভাগ কর্তৃক (১) বঙ্গবন্ধুর উপর ১০০টি শিরোনামের পুস্তক প্রকাশ করা; (২) জেলা ও উপজেলায় পুস্তক প্রদর্শনী; (৩) ১০০টি লাইব্রেরীতে বঙ্গবন্ধু কর্ণার স্থাপন; (৪) স্মারকগ্রন্থ প্রকাশ; (৫) বঙ্গবন্ধু আর্কাইভ স্থাপন; (৬) মাসিক সবুজ পাতা ও অগ্রপথিক পত্রিকার বিশেষ সংখ্যা প্রকাশ; (৭) রমযান মাসে 'বঙ্গবন্ধু ইসলামী বইমেলা' আয়োজন; (৮) দেশব্যাপী স্কুল-কলেজ ও মাদ্রাসায় বঙ্গবন্ধুর উপর রচনা ও স্বরচিত কবিতা প্রতিযোগিতার আয়োজন; (৯) ইসলামিক ফাউন্ডেশনের পরিচিতি নতুন আঙ্গিকে প্রণয়ন ও প্রকাশ | (১) ইসলামিক ফাউন্ডেশন, প্রকাশনা বিভাগের বাজেট বরাদ্দ অনুযায়ী বঙ্গবন্ধুর উপর ১০০টি শিরোনামের পুস্তক প্রকাশ করাসহ ক্রমিক নং ১ হতে ৯ এ বর্ণিত বিষয়ের ক্রমিক নং ৮ বাদে পৃথক পৃথক নথিতে প্রস্তাব দিয়ে প্রশাসনিক অনুমোদনক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(২) ক্রমিক নং ৮-এর বর্ণিত বিষয়ে সমন্বয় বিভাগ হতে ৬৪ জেলার মাধ্যমে বাস্তবায়নের উদ্যোগ নিতে হবে। | পরিচালক, প্রকাশনা বিভাগ<br><br>পরিচালক, সমন্বয় বিভাগ |
| ৬. মসজিদ ও মার্কেট বিভাগ | (১)মসজিদ ও মার্কেট-এর নিরাপত্তা নিশ্চিত করণের জন্য পর্যাপ্ত সংখ্যক নিরাপত্তা প্রহরী নিয়োগ; (২) পরিস্কার-পরিচ্ছন্নতার জন্য সুইপার, ঝাড়ুদার নিয়োগ; (৩) হস্তান্তর সংক্রান্ত সাব-কমিটির সভা আহ্বান; (৪) দোকান নং ৯৫ ও ৯৬ এর মধ্য দিয়ে ৯৫ নং দোকান-এর জায়গায় করিডোর নির্মাণ; (৫) কারপার্ক আধুনিকীকরণ; (৬) টুপী, আতর, তছবীহ ও জায়নামাজ মার্কেটে ডাকটিন স্থাপন; (৭) ইসলামী পুস্তক মার্কেট ও বিদ্যমান ক্ষুদ্র বইয়ের দোকান স্থানান্তর; (৮) উত্তর-পূর্ব পাশে ভিত্তিপ্রস্তরকৃত অসমাপ্ত মিনারের কাজ সমাপ্তকরণ; (৯) বিদ্যমান সাব-ষ্টেশন পূর্ব পাশে স্থানান্তর; (১০) পূর্ব পাশে নির্মিত টয়লেট ও অযুখানা দক্ষিণ পাশে স্থানান্তর; (১১) বায়তুল মুকাররম সভাকক্ষ আধুনিকীকরণ। | ক্রমিক নং ১ ও ২ এর বিষয়ে মসজিদ ও মার্কেট এর জন্য প্রয়োজনীয় নিরাপত্তা প্রহরী, সুইপার এবং ঝাড়ুদার নিয়োগ প্রচলিত বিধি-বিধান অনুসরণ করে পত্রিকায় বিজ্ঞপ্তির দিয়ে প্রশাসনিক অনুমোদনক্রমে আউটসোর্সিংয়ে নিয়োগ দিতে হবে।<br>(৩) হস্তান্তর সংক্রান্ত সাব-কমিটির সভা আহ্বানের জন্য সংশ্লিষ্ট নথিতে উপস্থাপনের মাধ্যমে ব্যবস্থা নিতে হবে।<br>(৪) দোকান নং ৯৫ এর মধ্য দিয়ে করিডোর নির্মাণের প্রাক্কলন প্রস্তুত করে সাব কমিটির সভা আহ্বান করতে হবে।<br>(৫) কারপার্কিং আধুনিকীকরণ বিষয়ে প্রাক্কলন তৈরি করে প্রশাসনিক অনুমোদনে প্রস্তাব দিতে হবে।<br>(৬) ইলেক্ট্রিক মার্কেটের অনুরূপ প্রাক্কলন তৈরি করে নথিতে উপস্থাপন করে প্রশাসনিক অনুমোদন নিয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(৭) ইসলামি পুস্তক মার্কেটের বিদ্যমান ক্ষুদ্র বইয়ের দোকান স্থানান্তর বিষয়ে সাব কমিটির সভা আহ্বান করতে হবে।<br>(৮) বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী মাসে উত্তর-পূর্ব পার্শ্বে অসমাপ্ত মিনারের কাজ শুরু করার জন্য প্রাক্কলন তৈরি এবং মসজিদ ও মার্কেট বিভাগ হতে প্রয়োজনীয় তথ্য সরবরাহের পর পরিকল্পনা বিভাগ হতে প্রকল্প আকারে প্রস্তাব দিতে হবে।<br>(৯) মসজিদের বিদ্যমান সাব স্টেশন পূর্ব | পরিচালক, মসজিদ ও মার্কেট বিভাগ |

| | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | | পাশে স্থানান্তরের প্রাক্কলন তৈরি করে নথিতে উপস্থাপন ও প্রশাসনিক অনুমোদনক্রমে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(১০) টয়লেট স্থানান্তরের বিষয়ে প্রাক্কলন তৈরি করে নথিতে উপস্থাপন ও প্রশাসনিক অনুমোদনের জন্য পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(১১) বায়তুল মুকাররম সভাকক্ষ আধুনিকীকরণ কাজের বিষয়ে প্রাক্কলন তৈরি করে নথিতে উপস্থাপন ও প্রশাসনিক অনুমোদনক্রমে প্রচলিত বিধি-বিধান অনুসরণ করে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| ৭. | ইফা প্রেস | মউশিক প্রকল্পের কার্যাদেশ মোতাবেক-২০২০ এর পাঠ্যক্রমভুক্ত কোরআনুল কারীম, প্রাক-প্রাথমিক পর্যায়ের বই, দারুল আরকামের বই, বয়স্ক শিক্ষার বই, বিভিন্ন ফরম, ছাত্র হাজিরা খাতা, মন্তব্য খাতা, সার্টিফিকেটসহ ৫৭ লক্ষ বইয়ের মধ্যে বিশেষ ব্যবস্থায় ১৫ লক্ষ বই সরবরাহের পর ৪২ লক্ষ কপি বই, কুরআনুল করীম মুদ্রণ, বাঁধাই, সরবরাহ অবশিষ্ট আছে। এই কাজগুলি অগ্রাধিকারভিত্তিতে সম্পন্ন করা; (২) নতুন প্রকল্পের মেশিন আসার পূর্বে শেড তৈরি করা; (৩) উন্মুক্ত দরপত্রের মাধ্যমে নিয়োগকৃত সরবরাহকারীদের নিকট থেকে প্রয়োজনীয় কাঁচামাল সরবরাহের প্রয়োজনে কার্যাদেশ প্রদান; (৪) মেশিন মেরামত, ওভারহোলিং এবং পুনস্থাপনের কাজ সম্পাদন; (৫) নতুন প্রকল্পের কাজ শুরুর পূর্বে হাই পাওয়ার জেনারেটর স্থাপন (৬) ছাঁটপট্টি বিক্রি। | (১) মউশিক প্রকল্পের পাঠ্যপুস্তক মুদ্রণ (২) টিনশেড তৈরি, (৩) মেশিন মেরামত, (৪) জেনারেটর স্থাপন ইত্যাদি বিষয়ে মহাপরিচালক মহোদয়, প্রকল্প পরিচালক মউশিক, পরিচালক, প্রেস, পরিচালক, অর্থ ও হিসাব বিভাগের সাথে আলোচনা করে প্রয়োজনীয় নির্দেশনা অনুযায়ী পরিচালক (প্রেস) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | |
| ৮. | অডিট সেল | (১) ইসলামিক ফাউন্ডেশনের প্রধান কার্যালয়সহ এর শাখা অফিসসমূহের সরকারি নিরীক্ষায় উত্থাপিত ও অমীমাংসিত অডিট আপত্তির সংখ্যা ছিল মোট ৮৫১টি এবং আপত্তির সাথে জড়িত অর্থের পরিমাণ ৩৮৮৩৪.১৩ লক্ষ টাকা। অগ্রিম অনুচ্ছেদভুক্ত আপত্তির সংখ্যা ৪৮টি। সাধারণ অনুচ্ছেদভুক্ত আপত্তির সংখ্যা ৮০৩টি।<br>(২) ইসলামিক ফাউন্ডেশন প্রধান কার্যালয়ের বিভিন্ন বিভাগের ২০০৯-২০১৮ আর্থিক সালের বিশেষ নিরীক্ষায় উত্থাপিত অডিট আপত্তির সংখ্যা ৯৬টি। ফলে ইসলামিক ফাউন্ডেশনের বর্তমানে অমীমাংসিত অডিট আপত্তির সংখ্যা (৮৫১+৯৬)=৯৪৭টি। | (১) অডিট আপত্তির পেন্ডিংয়ের তালিকা ইতিবাচক জবাব তৈরি করে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন নিয়ে পর্যায়ক্রমে আপত্তি নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(২) (ক) ২০০৯-১৮ আর্থিক বছরের বিশেষ নিরীক্ষায় উপস্থাপিত অডিট আপত্তি সংক্রান্ত ৯৬টির জবাব প্রস্তুত করে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন ও স্বাক্ষর নিয়ে জবাব প্রেরণ করতে হবে।<br>(খ) এ বিষয়ে আরও ১ (এক) মাস সময় চেয়ে পত্র দেয়া যেতে পারে। | পরিচালক অডিট সেল |
| ৯. | যাকাত সেল | যাকাত আদায়ের জন্য একটি অ্যাপস প্রস্তুত করা হবে। যাতে যাকাত দাতাগণ সহজে এই অ্যাপস এর মাধ্যমে সরাসরি তার হিসাব হতে সরকারী যাকাত হিসেবে অর্থ স্থানান্তরের সুবিধা পাবেন। এই ব্যবস্থায় যাকাত দাতাদের আগ্রহ সৃষ্টি করার জন্য প্রয়োজনীয় প্রক্রিয়া গ্রহণ করা যেতে পারে। | যাকাত আদায়ের জন্য অ্যাপস তৈরি করা যেতে পারে। এতে Automatic System এর মাধ্যমে যাকাত আদায় সহজ হবে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উদ্যোগ নিতে হবে। | পরিচালক যাকাত সেল |
| ১০. | গবেষনা বিভাগ | ইসলামিক ফাউন্ডেশন গবেষণা ত্রৈমাসিক পত্রিকা; পাণ্ডুলিপি ও প্রকাশনা; ওয়ার্কশপ ও সভা-সেমিনার | (১) ইসলামিক ফাউন্ডেশনের গবেষণা বিভাগ দ্বীনের প্রচার-প্রসারে পত্রিকা, | পরিচালক গবেষণা |

| বিভাগ | | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | আয়োজন; দারুল আরকাম মাদ্রাসার ৪র্থ-৫ম শ্রেণির পাঠ্যপুস্তক; কাস্টমস থেকে আগত পুস্তকাদির যাচাই-বাছাইয়ের ফি নির্ধারণ; ফাতওয়া ও ফারায়েজ বিষয়ে আলোচনা হয়। | প্রকাশনা কার্যক্রমের জন্য আধুনিকায়ন করতে হবে। (২) দারুল আরকাম মাদ্রাসার ৪র্থ-৫ম শ্রেণির পুস্তক প্রকাশনা কাজে লেখক সম্মানী ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদন চেয়ে পত্র দিতে হবে। | বিভাগ |
| ১১. | ইসলামিক মিশন | ৫টি ইসলামিক মিশন (ঘুনী, যশোর, ইলিশা ভোলা, ইন্দুরকানী পিরোজপুর, ইটনা কিশোরগঞ্জ, বিজয়নগর ব্রাহ্মণবাড়িয়া) কেন্দ্রের জন্য (৫x১২)=৬০টি পদের জনবল সৃষ্টির বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের অনুমোদন পাওয়া গেছে। | ইসলামিক মিশনের ৫টি কেন্দ্রের ৬০টি পদের বিষয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে পত্র দিতে হবে। | পরিচালক ইসলামিক মিশন |
| ১২. | ইফাঃ লাইব্রেরী প্রকল্প | ইসলামিক ফাউন্ডেশন কেন্দ্রীয় লাইব্রেরী প্রকল্পের মাধ্যমে ১ম পর্যায়ে ই-লাইব্রেরীর জন্য বাজেট বরাদ্দ রয়েছে। মেয়াদ উত্তীর্ণ হওয়ার কারণে কাজটি সম্পন্ন করা যাচ্ছে না। এ বিষয়ে সিদ্ধান্ত প্রয়োজন। | ইসলামিক ফাউন্ডেশন কেন্দ্রীয় লাইব্রেরীর ২য় পর্যায়ে প্রকল্পের প্রস্তাব পরিকল্পনা বিভাগ হতে ডিপিপি তৈরি ও প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। | প্রকল্প পরিচালক ইফাঃ লাইব্রেরী |
| ১৩. | অনুবাদ ও সংকলন বিভাগ | (১) ইসলামিক ফাউন্ডেশনের অনুবাদ ও সংকলন বিভাগ থেকে এ যাবত ৩৯৮টি শিরোনামের পুস্তক প্রকাশিত হয়েছে। চলতি অর্থবছরে ১৩টি পুস্তক প্রকাশের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এর মধ্যে ৩টি পুস্তক প্রকাশিত হয়েছে। ৩টি পুস্তক ইসলামিক ফাউন্ডেশন প্রেসে মুদ্রণাধীন রয়েছে। ৭টি পুস্তকের পাণ্ডুলিপি ট্রেসিং ও প্রুফ পর্যায়ে রয়েছে।<br>(২) ইসলামিক ফাউন্ডেশনে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে যারা প্রুফ রিডিং, রিভিউ, অনুবাদ ও সম্পাদনা কাজের সাথে যুক্ত আছেন, তাদের বিল পরিশোধের ক্ষেত্রে সম্প্রতি অর্থ ও হিসাব বিভাগ থেকে আপত্তি উত্থাপিত হওয়ায় সংশ্লিষ্ট ব্যক্তিগণ কাজ করতে অপারগতা প্রকাশ করেছেন। এতে করে লক্ষ্যমাত্রা অনুযায়ী পুস্তক প্রকাশে বিঘ্ন সৃষ্টি হতে পারে। | প্রকাশনা সংক্রান্ত সংশ্লিষ্ট পরিচালকগণ এবং অর্থ ও হিসাব বিভাগের পরিচালকসহ এ বিষয়ে প্রকাশনা, গবেষণা, অনুবাদ, বিশ্বকোষ বিভাগ, পরিচালক অর্থ ও হিসাব বিভাগ এবং মহাপরিচালক মহোদয়ের সাথে পৃথক সভায় আলোচনার মাধ্যমে সিদ্ধান্ত নিতে হবে। | পরিচালক গবেষণা, বিশ্বকোষ, অনুবাদ ও সংকলন বিভাগ এবং পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ। |
| ১৪. | পরিকল্পনা বিভাগ | ২০১৯-২০ অর্থ বছরের এডিপিভুক্ত উন্নয়ন প্রকল্পসমূহ :<br>(১) মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম (৭ম পর্যায়, প্রকল্প)<br>(২) ইসলামী পুস্তক প্রকাশনা কার্যক্রম (২য় পর্যায়)<br>(৩) প্রতিটি জেলা ও উপজেলায় ১টি করে মোট ৫৬০টি মডেল মসজিদ এবং ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন প্রকল্প<br>(৪) গোপালগঞ্জে ইসলামিক ফাউন্ডেশন কমপ্লেক্স নির্মাণ প্রকল্প<br>(৫) মসজিদ পাঠাগার সম্প্রসারণ ও শক্তিশালীকরণ প্রকল্প (২য় পর্যায়)<br>(৬) সিরতা, ময়মনসিংহ এবং কালকিনি, মাদারীপুর ইসলামিক মিশন হাসপাতাল কমপ্লেক্স নির্মাণ এবং বায়তুল মোকাররম ডায়াগনষ্টিক সেন্টার শক্তিশালীকরণ প্রকল্প। | ২০১৯-২০ অর্থ বছরের এডিপিভুক্ত ৬টি উন্নয়ন প্রকল্পের কার্যক্রম মনিটরিং করা এবং নতুন যে সকল প্রকল্প প্রক্রিয়াধীন আছে তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক পরিকল্পনা |
| ১৫. | বিশ্বকোষ বিভাগ | আল কুরআনুল করীম সংক্ষিপ্ত বিশ্বকোষ, ৬ষ্ঠ খণ্ড এবং সীরাত বিশ্বকোষ, ১৫শ খন্ড ইফা প্রেসে প্রকাশের জন্য প্রক্রিয়াধীন। ২ বছরের বেশি সময় প্রেসে উক্ত কাজ দু'টি দেয়া হয়েছে কিন্তু প্রেসের যথাযথ পদক্ষেপের অভাবে খণ্ড দু'টি প্রকাশিত হচ্ছে না। | আল কুরআনুল করীম সংক্ষিপ্ত বিশ্বকোষ, ৬ষ্ঠ খণ্ড এবং সীরাত বিশ্বকোষ, ১৫শ খন্ড প্রকাশের জন্য ইফা প্রেসকে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক, বিশ্বকোষ ও পরিচালক প্রেস |

| ক্রম | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১৬. | দীনি দাওয়াত ও সাংস্কৃতিক বিভাগ | (১) দীনি দাওয়াত ও সংস্কৃতি বিভাগের অনুষ্ঠান সংক্রান্ত মালামাল ক্রয় এবং স্টোর এন্ট্রি স্থানীয় কার্যালয়ের মাধ্যমে সম্পন্ন করা।<br>(২) টয়লেট সংস্কার।<br>(৩) তৃতীয় তলার ছাদ সংস্কার।<br>(৪) বিদ্যুৎ ও টেলিফোন ইন্টারনেট ক্যাবল ম্যানেজমেন্ট<br>(৫) ভাষা ইনস্টিটিউট চালু করা।<br>(৬) অনুবাদ শাখা চালু করা।<br>(৭) হজ্জ শাখা চালু করা।<br>(৮) বায়তুল মুকাররম অডিটরিয়মে এসি সংযোগ, সাউন্ড সিস্টেম, চেয়ার-টেবিল ক্রয়, ইনটোরিয়াম ডেকোরেশন।<br>(৯) কার্যক্রম সহজীকরণ ও দ্রুত বাস্তবায়নের সুবিধার্থে বায়তুল মোকাররমস্থ পরিচালকগণের মাধ্যমে অর্থ ব্যয় নির্বাহের অনুমতি প্রদান। | দীনি দাওয়াত ও সংস্কৃতি বিভাগ কর্তৃক ক্রমিক ১ হতে ৮ পর্যন্ত বিষয়ে সংশ্লিষ্ট নথিতে প্রাক্কলনসহ প্রস্তাব দিয়ে প্রশাসনিক অনুমোদনক্রমে প্রচলিত বিধি-বিধান অনুযায়ী কাজ সম্পন্ন করতে হবে।<br>ইসলামিক ফাউন্ডেশনের কার্যক্রম সহজীকরণ ও আর্থিক বিষয়ে নীতিমালার খসড়া তৈরির বিষয়ে অর্থ ও হিসাব বিভাগ এ বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | পরিচালক দীনি দাওয়াত বিভাগ<br>পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ |
| ১৬. | মসজিদ পাঠাগার | ইসলামিক মৌলিক বিষয়ে সঠিক জ্ঞানার্জন ও পাঠাভ্যাস সৃষ্টির লক্ষ্যে ৫০০০টি বিদ্যমান মসজিদে বই সরবরাহের মাধ্যমে নতুন পাঠাগার স্থাপন;<br>মসজিদ পাঠাগার এমআইএস সফটওয়্যার তৈরি ও ডাটাএন্ট্রি করার মাধ্যমে তথা ব্যবস্থাপনা পদ্ধতি জোরদার করা; | ৬৪ জেলার মসজিদ পাঠাগারের জন্য ইসলামিক ফাউন্ডেশনের বই প্রেরণ এবং বাহিরের প্রকাশনার বই বাছাই করার জন্য কমিটি সভা আহ্বান করতে হবে। | প্রকল্প পরিচালক, মসজিদ পাঠাগার |
| ১৭. | মউশিক প্রকল্প | মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পের ৭ম পর্যায়ের ডিপিপি সংশোধন করে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। | মউশিক ৭ম পর্যায় প্রকল্পের ডিপিপির অগ্রগতি বিষয়ে পরিকল্পনা বিভাগ হতে মনিটরিং করতে হবে। | পরিচালক, পরিকল্পনা বিভাগ |
| ১৮. | হালাল সনদ | ইসলামিক ফাউন্ডেশন ৯৭টি কোম্পানীর প্রায় ২০০ পণ্যের অনুকূলে হালাল সনদ প্রদান করেছে। বর্তমানে ২০টি কোম্পানীর সার্টিফিকেট প্রদান প্রক্রিয়াধীন রয়েছে। | ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক সকল কোম্পানীর মধ্যে যারা হালাল সনদপত্র গ্রহণ করেছেন তাদের নিয়ে একটি ওয়ার্কসপ করা যেতে পারে। | পরিচালক, হালাল সনদ |
| ১৯. | ৫৬০টি মডেল মসজিদ | প্রতিটি জেলা ও উপজেলায় একটি করে ৫৬০টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপনে কাজের অগ্রগতি : (১) জমি নির্বাচনে সরকারী আদেশ-৫৬০টি; (২) ডিজিটাল সার্ভে ৫২৫টি; (৩) মৃত্তিকা পরীক্ষা সম্পন্ন ৫২৩টি; (৪) দরপত্র আহ্বান ৫০৫টি; (৫) ভবন নির্মাণে কার্যাদেশ প্রদান ৪৮৬টি; (৬) নির্মাণ কাজ আরম্ভ ৩২০টি; (৭) সাইনবোর্ড স্থাপন ২৭১টি; (৮) প্রশাসনিক অনুমোদিত ১০৬টি জমির পূর্ণ অধিগ্রহণযোগ্য এবং ৫১টি আংশিক অধিগ্রহণযোগ্য জমির মধ্যে ২২টি জমির অধিগ্রহণ কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং অর্থ প্রদান করা হয়েছে; (৯) বগুরা জেলার সারিয়াকান্দি ও শেরপুর; রংপুর জেলার মিঠাপুকুর ও সদর উপজেলা; নোয়াখালী জেলার জেলা সদর; সিলেট জেলার দক্ষিন সুরমা, শরীয়তপুর জেলার গোসাইরহাট, চট্টগ্রাম জেলার সন্দ্বীপ, রাজশাহী জেলার পবা এবং ঝালকাঠি জেলার রাজাপুর এ ১ম তলার ছাদ ঢালাই সম্পন্ন হয়েছে। (১০) চট্টগ্রাম জেলার মিরসরাই এ ২য় তলার ছাদ ঢালাই সম্পন্ন হয়েছে। রংপুর জেলার জেলা সদরে ৩য় তলার ছাদ ঢালাই সম্পন্ন হয়েছে। | মডেল মসজিদ প্রকল্পের কার্যক্রমের অগ্রগতি আশাব্যঞ্জক। প্রকল্পের ডিপিপি অনুযায়ী নির্দিষ্ট সময়ের মধ্যে কার্যক্রম সম্পন্ন করার বিষয়ে প্রকল্প কার্যালয় থেকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | প্রকল্প পরিচালক |
| ২০. | সিরতা, ময়মনসিংহ ও কালকিনী, | সিরতা, ময়মনসিংহ ও কালকিনী, মাদারীপুর ইসলামিক মিশন হাসপাতাল কমপ্লেক্স ভবন নির্মাণ এবং বায়তুল মোকাররম ডায়াগনস্টিক সেন্টার শক্তিশালীকরণ' | সিরতা, ময়মনসিংহ ও কালকিনী, মাদারীপুর ইসলামিক মিশন হাসপাতাল কমপ্লেক্স ভবন নির্মাণ এবং বায়তুল | প্রকল্প পরিচালক |

| ক্র | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | মাদারীপুর ইসলামিক মিশন হাসপাতাল কমপ্লেক্স প্রকল্প | প্রকল্পের মেয়াদ ডিসেম্বর ২০১৭ হতে জুন ২০২০ পর্যন্ত; নির্দিষ্ট সময়ের মধ্যে কার্যক্রম বাস্তবায়নের জন্য কার্যক্রম অব্যাহত রয়েছে। | মোকাররম ডায়াগনস্টিক সেন্টার শক্তিশালীকরণ' প্রকল্পের কার্যক্রম নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | |
| ২১. | গোপালগঞ্জ কমপ্লেক্স প্রকল্প | গোপালগঞ্জ কমপ্লেক্স প্রকল্পের মেয়াদ ১ বছর বৃদ্ধির জন্য স্টিয়ারিং কমিটির মাধ্যমে সুপারিশ পেশ করা হয়েছে। | ডিপিপি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক |

সভায় আর কোনো আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯.১.2020

(মুঃ আঃ হামিদ জমাদ্দার)
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
অতিরিক্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
ফোন-৮১৮১৫১৬